



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

কার্যালয় : আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট-৩১০০

স্মারক নং : সিশিবো/বিদ্যা/রেজিস্ট্রেশন/নবম-১৮/১৬৯৮

তারিখঃ ২৭/১২/২০১৮ খ্রিঃ

বিষয় : ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ৯ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের অনলাইন রেজিস্ট্রেশন ও ফি বাবদ ব্যাংকে টাকা জমাদান প্রসঙ্গে।

অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সরকারি ও বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় ও মাধ্যমিক শ্রেণিযুক্ত মহাবিদ্যালয়ের প্রধানগণকে জানানো যাচ্ছে যে, ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ৯ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনের জন্য নির্দেশাবলী অনুসরণপূর্বক নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী অনলাইন রেজিস্ট্রেশন সম্পন্ন করতঃ ফি ও প্রয়োজনীয় কাগজপত্র দাখিল করতে হবে।

নির্দেশাবলী :

- মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট এর ওয়েব সাইটের (www.sylhetboard.gov.bd) e-SIF লিংকে অনলাইন রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পাদন করতে হবে।
- ইতোপূর্বে এস এস সি ফরম ফিলাপ কার্যক্রম (eff) এ ব্যবহৃত Log in password অনলাইন রেজিস্ট্রেশনের জন্য প্রযোজ্য হবে।
- ছবি Upload করার সময় খুবই সতর্কতা অবলম্বন করতে হবে যাতে এক জনের ছবির পরিবর্তে অন্য জনের ছবি Upload হয়ে না যায়।
- রেজিস্ট্রেশন সংক্রান্ত ফি এর টাকা সোনালী ব্যাংকের যে কোন শাখার মাধ্যমে “সোনালী সেবা” পদ্ধতিতে বোর্ডের নির্ধারিত “সোনালী ব্যাংক” সিলেট কর্পোরেট শাখার সঞ্চয়ী হিসাব নম্বর ৩৪১৮৭২২৬ এর অনুকূলে টাকা জমা করতঃ জমা রশিদের মূল কপি সংগ্রহ করতে হবে। অতঃপর নির্ধারিত সময়সূচি অনুযায়ী ফরওয়ার্ডিংসহ ফি জমাদানের রশিদের মূলকপি ও ই-এসআইএফ এর ০১ (এক) সেট ফটোকপি বোর্ডের হিসাব শাখায় জমাদানপূর্বক ই-এসআইএফ এর মূলকপি বিদ্যালয় শাখায় জমা দিতে হবে।
- ব্যাংকে টাকা জমাদানের তারিখঃ ২০/০১/২০১৯ এবং ২১/০১/২০১৯।
- অনলাইন রেজিস্ট্রেশন চূড়ান্ত (Final Confirmation) করণের তারিখঃ ২২/০১/২০১৯।
- যেহেতু বিলম্ব ফি দিয়ে অনলাইন রেজিস্ট্রেশনের সুযোগ নেই তাই নির্ধারিত সময়ের মধ্যেই শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করতে হবে।

নবম শ্রেণি অনলাইন রেজিস্ট্রেশন সংক্রান্ত খাত ওয়ারী ফি এর হার নিম্নরূপঃ


ক. অনলাইন রেজিস্ট্রেশন ফি (শিক্ষার্থী প্রতি) -----	৬৫.০০
খ. ক্রীড়া ফি (শিক্ষার্থী প্রতি) -----	৩০.০০
গ. রেড ক্রিসেন্ট ফি (শিক্ষার্থী প্রতি) -----	১৫.০০
ঘ. অন্ধ কল্যাণ ফি (শিক্ষার্থী প্রতি) -----	৫.০০
ঙ. বয় স্কাউটস/ গার্লস গাইড ফি (শিক্ষার্থী প্রতি) -----	১৫.০০
চ. বিজ্ঞান ও প্রযুক্তি ফি (শিক্ষার্থী প্রতি) -----	৫.০০
ছ. বি. এন. সি. সি. ফি (শিক্ষার্থী প্রতি) -----	৫.০০
জ. উন্নয়ন ফি (শিক্ষার্থী প্রতি) -----	৫০.০০
ঝ. জাতীয় স্কুল ক্রীড়া এ্যাফিলিয়েশন ফি (প্রতিষ্ঠান প্রতি) -----	৩০০.০০

(চলমান)

ফি এর রশিদ ও ই-এসআইএফ এর কপি জমাদানের সময়সূচি :

জেলা/ উপজেলার নাম	অনলাইনে রেজিস্ট্রেশনের সময়সূচি		ফি এর রশিদ ও ই-এসআইএফ এর কপি জমাদানের সময়সূচি
	চালু	বন্ধ	
সুনামগঞ্জ জেলার শিক্ষা প্রতিষ্ঠানসমূহ।	০৬/০১/২০১৯	২০/০১/২০১৯	২৭/০১/২০১৯
হবিগঞ্জ জেলার শিক্ষা প্রতিষ্ঠানসমূহ।			২৮/০১/২০১৯
মৌলভীবাজার জেলার শিক্ষা প্রতিষ্ঠানসমূহ।			২৯/০১/২০১৯
সিলেট সদর, দক্ষিণ সুরমা, গোলাপগঞ্জ ও বিয়ানীবাজার উপজেলার শিক্ষা প্রতিষ্ঠানসমূহ।			৩০/০১/২০১৯
সিলেট জেলার জকিগঞ্জ, কানাইঘাট, জৈন্তাপুর, গোয়াইনঘাট, কোম্পানীগঞ্জ, ফেঞ্চুগঞ্জ, বিশ্বনাথ, বালাগঞ্জ ও ওসমানীনগর উপজেলার শিক্ষা প্রতিষ্ঠানসমূহ।			৩১/০১/২০১৯

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে


(মোহাম্মদ মঈনুল ইসলাম)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।

প্রাপক : অধ্যক্ষ/ প্রধান শিক্ষক
অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল মাধ্যমিক বিদ্যালয়
ও মাধ্যমিক শ্রেণিযুক্ত মহাবিদ্যালয়।

অবগতি ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. জেনারেল ম্যানেজার, টেলিটক বাংলাদেশ লিমিটেড, বাড়ী নং-৪১, রোড-২৭, ব্লক-এ, বনানী, ঢাকা।
২. ব্যবস্থাপক, সোনালী ব্যাংক কর্পোরেট শাখা, সিলেট।
৩. সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
৪. জেলা শিক্ষা অফিসার, সিলেট/হবিগঞ্জ/মৌলভীবাজার/সুনামগঞ্জ।
৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, অত্র বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
৬. হিসাব রক্ষণ কর্মকর্তা, অত্র শিক্ষা বোর্ড।
৭. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।